রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ১৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২, ২০১৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩০৭—৩২৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫৫১—৫৬০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৯—৭৮ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৬৫—৫৭৭ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ ডিসেম্বর ২০১২

নং **২(৪৫) কর প্রশাসন-১/২০১২/১৫১**—জনাব মোঃ সামসুল হক, অতিরিক্ত সহকারী কর কমিশনার (চঃদাঃ), (কর অঞ্চল-রংপুর এ বদলীর আদেশাধীন)-কে তাঁর আবেদনের প্রেক্ষিতে অসুস্থতা জনিত কারণে অতিরিক্ত সহকারী কর কমিশনার (চঃদাঃ) পদ হতে কর পরিদর্শক পদে Revert করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মোসাঃ সেলিনা খাতুন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)।

**(শুল্ক)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৫ অগ্রহায়ণ ১৪১৯/১৯ নভেম্বর ২০১২

নং **৩১৯/২০১২/শুল্ক**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section 11-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, এতদ্বারা জনস্বার্থে মেসার্স এ ওয়ান ইন্ডাষ্ট্রিজ পার্ক লিমিটেড নামীয় বন্ডেড প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে ফকিরহাট ইউনিয়ন, থানা ফকিরহাট, জেলা বাগেরহাট এবং ব্রাহ্মনণরাগদিয়া মৌজার ২.৭০৮ একর এলাকাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিল।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

তারিখ, ১২ অগ্রহায়ণ ১৪১৯/২৬ নভেম্বর ২০১২

নং **৩২০/২০১২/শুল্ক**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section 11-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, এতদ্বারা জনস্বার্থে মেসার্স ডাইয়ি ইন্টারন্যাশনাল লিমিটেড নামীয় বন্ডেড প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে মাগুরা সদর উপজেলা, মাগুরা-কে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Ware-housing station) হিসেবে ঘোষণা করিল।

**মিয়া মোঃ আবু ওবায়দা**
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৩

### আদেশাবলী

তারিখ, ২৮ নভেম্বর ২০১২

নং **৭২১-বিচার-৩/১ডি-৬/২০০৯**—যেহেতু, শরীয়তপুরের সাবেক জেলা ও দায়রা জজ বর্তমানে দিনাজপুরের জেলা ও দায়রা জজ জনাব দীপ্রমান সরকার এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৬/২০০৯ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব দীপ্রমান সরকার এর কারণ দর্শানোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়নি।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে শরীয়তপুরের সাবেক জেলা ও দায়রা জজ বর্তমানে দিনাজপুরের জেলা ও দায়রা জজ জনাব দীপ্রমান সরকার-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৬/২০০৯ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

তারিখ, ০৪ ডিসেম্বর ২০১২

নং **৭৪০-বিচার-৩/১ডি-২০/২০০৯**—যেহেতু, পঞ্চগড়ের সাবেক জেলা ও দায়রা জজ বর্তমানে কুষ্টিয়ার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) জনাব মোঃ আফজাল হোসেন এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২০/২০০৯ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ আফজাল হোসেন এর কারণ দর্শানোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে পঞ্চগড়ের সাবেক জেলা ও দায়রা জজ বর্তমানে কুষ্টিয়ার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) জনাব মোঃ আফজাল হোসেন-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ২০/২০০৯ নং বিভাগীয় মামলায় তিরস্কার (Censure) করে শাস্তি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

### বিচার শাখা-৬

### আদেশাবলী

তারিখ, ২৬ নভেম্বর ২০১২

নং **আর-৬/৭এন-৮৪/২০১২-৬৮৪**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আব্দুল আজিজ (জেল হক), পিতা মরহুম জনাব মোঃ তোরাপ আলী মোল্লাকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৯৫/২০১২-৬৮৫**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ সফিকুল ইসলাম, পিতা হাজী জনাব মোঃ আব্দুল ওয়ারিছকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ০৪ ডিসেম্বর ২০১২

নং **আর-৬/৭এন-৭৮/২০১২-৬৯৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে বাগেরহাট জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট নূর মহল (রেখা), স্বামী এ্যাডভোকেট মরহুম জনাব শেখ লিয়াকত হোসেনকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৮৫/২০১২-৬৯৯**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে বগুড়া জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট মোছাঃ আজমী আরা পারভীন, পিতা মরহুম ডাঃ জনাব আজিজুল হককে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৯৬/২০১২-৭০১**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে নাটোর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট মোঃ শামসুল হক ভূঁইয়া, পিতা মরহুম জনাব মোঃ আব্দুল গফুর ভূঁইয়াকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৯৯/২০১২-৭০২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কুড়িগ্রাম জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আব্দুল মান্নান, পিতা মরহুম জনাব আব্দুল জলিলকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-১০২/২০১২-৭০৩**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব এ,টি,এম আমিনূর রহমান, পিতা মরহুম জনাব মোহাঃ আকমল হোসেনকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৯৪/২০১২-৭০০**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মাদারীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব দক্ষিণা রঞ্জন বালা, পিতা স্বর্গীয় দুঃখীরাম বালাকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জনাব মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২৭ নভেম্বর ২০১২

নং **বিচার-৭/২এন-৩/২০০৪-৮১৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা মোঃ আকবর আলী, গ্রাম দূর্গাপুর, ডাকঘর পলাশবাড়ী, উপজেলা পলাশবাড়ী, জেলা গাইবান্ধা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলার ৫ নং মহদীপুর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ অগ্রহায়ণ ১৪১৯/৫ ডিসেম্বর ২০১২

নং **১প্রকল্প-৪/৯৪/ডি-৯**—সামরিক অফিসার আবাসিক প্রকল্প (ডিওএইচএস) কমিটিতে সংশ্লিষ্ট এরিয়া কামান্ডারকে অন্তর্ভুক্ত করে সরকার নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটি পুনর্গঠন করিলেন ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | সেনাবাহিনী প্রধান | .. | চেয়ারম্যান |
| (খ) | সোনাবাহিনীর কোয়ার্টার মাস্টার জেনারেল | .. | সদস্য |
| (গ) | নৌ বাহিনীর এসিএনএস (প্রশাসন) | .. | সদস্য (মেজর জেনারেল অবর্তমানে ব্রিগেডিয়ার জেনারেল সমতুল্য) |
| (ঘ) | বিমান বাহিনীর এসিএনএস (প্রশাসন) | .. | সদস্য (মেজর জেনারেল অবর্তমানে ব্রিগেডিয়ার জেনারেল সমতুল্য) |
| (ঙ) | সংশ্লিষ্ট এরিয়া কামান্ডার | .. | সদস্য |
| (চ) | পরিচালক, চলাচল ও বাসস্থান পরিদপ্তর, সেনাসদর | .. | সদস্য |
| (ছ) | সকল ডিওএইচএস পরিষদের সভাপতি | .. | সদস্য (পদাধিকারবলে) |
| (জ) | পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর | .. | সদস্য-সচিব |

২। কমিটির পূর্বের টার্মস অব রেফারেন্স অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রত্না শারমীন ঝরা**
সিনিয়র সহকারী সচিব।

---

**পরিকল্পনা মন্ত্রণালয়**
**পরিকল্পনা বিভাগ**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ অগ্রহায়ণ ১৪১৯/৬ ডিসেম্বর ২০১২

নং **২০.৭০২.০৩২.০১.০২.০০১.২০১০-৭১৩**—যেহেতু, পরিকল্পনা কমিশনে সাধারণ অর্থনীতি বিভাগে কর্মরত বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা জনাব মির্জা মোঃ মহিউদ্দিন (০২২৬), সহকারী প্রধান (প্রাক্তন সহকারী প্রধান, শিল্প মন্ত্রণালয়) গত ২৫-০৪-১৯৯৪ তারিখ চাকুরীতে যোগদানের পর হতে অদ্যাবধি বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ায় এবং বার্ষিক গোপনীয় প্রতিবেদন ও পার্সোনাল ডাটাশিট (পিডিএস) দাখিল না করার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) (ii) ও (বি) বিধিমতে "অদক্ষতা ও অসদাচরণ" এর অভিযোগে পরিকল্পনা বিভাগের ১৬-০৫-২০১২ তারিখের ২০.৭০২.০৩২.০১.০২.০০১.২০১০-২৮৮ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে তাঁর কৈফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৭-০৫-২০১২ তারিখ কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন এবং লিখিত জবাবে তিনি তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেননি বরং বিষয়টি ক্ষমাসুন্দর চোখে দেখার আবেদন জানিয়েছেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব অনুযায়ী প্রতীয়মান হয় যে, জনাব মির্জা মোঃ মহিউদ্দিন (০২২৬) সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) (ii) ও (বি) বিধিমতে "অদক্ষতা ও অসদাচরণ" এর অপরাধ করেছেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে, জনাব মির্জা মোঃ মহিউদ্দিন এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) (ii) ও (বি) অনুযায়ী "অদক্ষতা এবং অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং তিনি দোষ স্বীকার এবং ক্ষমা প্রার্থনা করেন;

সেহেতু, জনাব মির্জা মোঃ মহিউদ্দিন (০২২৬), সহকারী প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন (সাবেক সহকারী প্রধান, শিল্প মন্ত্রণালয়) (বেতন স্কেল ১১,০০০—২০,৩৭০)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) (বি) বিধি অনুযায়ী তাঁর ৪(চার) টি বেতনবৃদ্ধি ৪(চার) বছরের জন্য স্থগিত করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ভূঁইয়া সফিকুল ইসলাম**
ভারপ্রাপ্ত সচিব।

---

## পরিবেশ ও বন মন্ত্রণালয়
## প্রশাসন অধিশাখা-২
### প্রজ্ঞাপন

তারিখ, ২১ নভেম্বর ২০১২

নং **পবম/প্রশা-২/পরি-০৩/২০০৯/৫৯৯**—যেহেতু, আপনি ড. মোঃ আবুল কালাম আজাদ, সিনিয়র কেমিস্ট, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা গত ২৯-১২-২০০৮ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। গত ২৬-০১-২০০৯ তারিখ আপনাকে ৩ দিনের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য পরিবেশ অধিদপ্তর হতে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু আপনি ড. মোঃ আবুল কালাম আজাদ কর্মস্থলে উপস্থিত হননি এবং কর্তৃপক্ষের সঙ্গে কোনরকম যোগাযোগ রক্ষা করেননি। পরবর্তীতে আপনি অসুস্থতার কারণে কর্মস্থলে উপস্থিত হতে অপারগতা জানিয়ে ৩ (তিন) মাস ছুটি মঞ্জুরের জন্য পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক বরাবর ৩-২-২০০৯ তারিখে আপনার স্বাক্ষরিত একটি আবেদনপত্র ২২-০২-২০০৯ তারিখে বাহক মারফত প্রেরণ করেন।

যেহেতু, এরূপ অননুমোদিত অনুপস্থিতির জন্য আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযোগ এনে অভিযোগনামা গঠন করা হয় এবং আপনাকে লিখিত জবাব দাখিল করতে বলা হয়। নোটিশ যথাযথভাবে জারী হওয়া সত্ত্বেও আপনি নির্ধারিত সময়ে জবাব দাখিল না করায় আপনাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। এতদসত্ত্বেও আপনি ড. মোঃ আবুল কালাম আজাদ নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি।

যেহেতু, আপনি ড. মোঃ আবুল কালাম আজাদ, সিনিয়র কেমিস্ট, পরিবেশ অধিদপ্তর কারণ দর্শানোর কোন জবাব না দেওয়ায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৩(বি) ধারায় বর্ণিত "ছুটি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিতি'র অভিযোগে উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারায় বর্ণিত "চাকুরী হতে বরখাস্ত" করার দণ্ড আরোপের প্রস্তাব করে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সুপারিশ গ্রহণ করা হয়। সরকারি কর্ম-কমিশন, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক আপনাকে চাকুরী হতে বরখাস্তকরণে কর্তৃপক্ষের গৃহীত প্রস্তাবের সঙ্গে একমত পোষণ করে।

সেহেতু, আপনাকে আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৯-১২-২০০৮ তারিখ হতে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
সচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## মাঠ প্রশাসন-২ অধিশাখা
### প্রজ্ঞাপন

তারিখ, ২১ নভেম্বর ২০১২

নং **৩১.০০.০০০০.০৪৬.১৫.০২৩.১২-৯৭৯**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩-০৬-২০১১ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.০২৭.১৯৯৮-৮৯ নং স্মারকের এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৫-১০-২০১২ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-২/ভূমি-৯/৯৮(অংশ-১)/২২৫ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ভূমি সংস্কার বোর্ডের নিম্নবর্ণিত ৬১টি কর্মকর্তা/কর্মচারীর পদের মেয়াদ ০১-০৬-২০১১ হতে ৩১-০৫-২০১২ তারিখ পর্যন্ত নিয়মিতভাবে সংরক্ষণের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | চেয়ারম্যান | ০১টি | ৪০,০০০ |
| (২) | সদস্য | ০২টি | ৩৩৫০০—৩৯৫০০ |
| (৩) | উপ-ভূমি সংস্কার কমিশনার | ০৩টি | ২৫৭৫০—৩৩৭৫০ |
| (৪) | সহকারী ভূমি সংস্কার কমিশনার | ০৬টি | ১১০০০—২০৩৭০ |
| (৫) | হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১টি | ১১০০০—২০৩৭০ |

**কর্মচারী**

| | | | |
|---|---|---|---|
| (১) | উচ্চমান সহকারী | ০৬টি | ৫৫০০—১২০৯৫ |
| (২) | সাঁট লিপিকার | ০৬টি | ৫৫০০—১২০৯৫ |
| (৩) | হিসাব রক্ষক | ০১টি | ৫৫০০—১২০৯৫ |
| (৪) | সাঁট মুদ্রাক্ষরিক/নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ০৬টি | ৫২০০—১১২৩৫ |
| (৫) | রেকর্ড কিপার | ০৬টি | ৪৭০০—৯৭৪৫ |
| (৬) | ড্রাইভার | ০৬টি | ৪৭০০—৯৭৪৫ |

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী |
|---|---|---|---|
| (৭) | ক্যাশ সরকার | ০১টি | ৪৪০০—৮৫৮০ |
| (৮) | ডেসপাস রাইডার | ০১টি | ৪৪০০—৮৫৮০ |
| (৯) | এম,এল,এস,এস | ১১টি | ৪১০০—৭৭৪০ |
| (১০) | পত্র বাহক | ০১টি | ৪১০০—৭৭৪০ |
| (১১) | নাইট গার্ড | ০২টি | ৪১০০—৭৭৪০ |
| (১২) | ঝাড়ুদার | ০১টি | ৪১০০—৭৭৪০ |
| | মোট | ৬১টি | |

২। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৩। ভূমি সংস্কার বোর্ডের উপরোক্ত ৬১টি পদের ব্যয় ২০১২-২০১৩ অর্থ বছরের বাজেটে ৪৬ ভূমি মন্ত্রণালয়-৪৬০৭/৪৫০১/৪৬০১/৪৭০০ ভূমি সংস্কার বোর্ডের কোড হতে মিটানো হবে।

৪। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ জি, ও জারি করা হলো।

**মোঃ আমজাদ আলী**
উপ-সচিব।

---

**অধিগ্রহণ শাখা-২**

**এল, এ কেস নং ৩০/৮০—৮১**

**ঘ ফরম**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৫ ডিসেম্বর ২০১২

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.৩৩৪.১২-৫৮৫**—যেহেতু নিম্ন তফসীলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ ইং সালের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৪-০৭-৮১ ইং তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে।

এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল।

**তফসিল**

জেলা ফেণী, উপজেলা ফেণী সদর, মৌজা কুমিরা, জে,এল, নং-৩৬

| দাগ নং | জমি |
|---|---|
| ২০ | ০.১০ একর। |

জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, ফেণীর এল, এ শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আকতার**
উপ-সচিব।

---

**জরিপ শাখা-২ (অপারেশন)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ নভেম্বর ২০১২

নং **৩১.০৩৬.০৩৩.০০.০০.১৯১.২০১০-২৩২**—১৯৩৫ সনের সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়ালের ৩২১ বিধি এবং ১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ২৭ নং বিধির আলোকে চট্টগ্রাম জেলার মিরেরশ্বরাই উপজেলাধীন সন্দীপ চ্যানেলে জেগে ওঠা চরভূমির প্রস্তাবিত নাম যথা পীরের চর, সাধুর চর, চর মোশারফ ও শিল্প চরকে নতুন মৌজা (Survey unit) হিসেবে নামকরণ ও মৌজা গঠনের গেজেটে বিজ্ঞপ্তি এতদ্বারা সর্বসাধারণের জন্য প্রকাশ করা হলো।

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

---

**[ নম্বর ও তারিখ-সম্বলিত সরকারি আদেশের প্রতিস্থাপন ]**

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১২

নং **৩৪.০০.০০০০.০৭১.১১.১৩১.২০১১-১০৪৩**—জাতীয় ক্রীড়া পরিষদের ০৬-১২-২০১২ তারিখের এনএসসি/১২০/এ/জেন/৩৪০৬ নং স্মারকের প্রেক্ষিতে জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব মাহবুব আহমেদ, সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-কে বাংলাদেশ এ্যামেচার বক্সিং ফেডারেশন এর সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নির্মল কান্তি চাকমা**
সিনিয়র সহকারী সচিব (ক্রীড়া-১)।

---

**রেলপথ মন্ত্রণালয়**

**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ অগ্রহায়ণ ১৪১৯/১০ ডিসেম্বর ২০১২

নং **৫৪.০০.০০০০.০০৭.২৭.১২৭.১১-৩৩৭০**—যেহেতু, আপনি জনাব মোঃ গোলাম আম্বিয়া, সরঞ্জাম নিয়ন্ত্রক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী (প্রাক্তন জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পরিদর্শন/পাহাড়তলী) ডিসিওএস/পরিদর্শন, পাহাড়তলী হিসাবে কর্মরত থাকা অবস্থায় প্রধান সরঞ্জাম/পাহাড়তলী দপ্তর হইতে ৩৬৬ মেট্রিক টন পিগ আয়রণ ক্রয়ের নিমিত্তে চুক্তিপত্র নং পি২/জিবি৪/৩৫/৯১-৯২/এসিএসটি/পার্ট-২/৪১ তারিখ ১৫-১০-১৯৯৪ মেসার্স পতেংগা বিল্ডার্স/চট্টগ্রাম এর সাথে স্বাক্ষর করেন এবং আপনি ২৬-১০-৯৪ হতে ১৫-১১-৯৪ পর্যন্ত ৩৯২.৯ মেট্রিক টন পিগ আয়রণ (সরবরাহকারীর চালান অনুযায়ী) সরবরাহ করেন। মালামাল প্রাপ্তির পর পরীক্ষা নিরীক্ষা করে গত ৩০-১১-৯৪ তারিখে ২১৬ মেট্রিক টনের এবং ১৮-০১-৯৫ তারিখে ১৫০ মেট্রিক টনের এর রিসিভ নোট জারী করেন;

২। যেহেতু, চুক্তিপত্র মোতাবেক মোট মালামাল ৩৬৬ মেট্রিক টনের মধ্যে পাহাড়তলী ডিপোর ২১৬ মেট্রিক টন এবং সৈয়দপুর ডিপোর ১৫০ মেট্রিক টন থাকলেও মালামাল চুরির পূর্বে বিভিন্ন সময়ে সৈয়দপুর ডিপোর মালামাল প্রেরণ করলেও আপনি পাহাড়তলী ডিপোর আংশিক মালামাল পরিদর্শন ডিপোতে মজুদ রেখেছিলেন। সর্বশেষ রিসিভ নোট জারী করা হয় ১৮-০১-৯৫ তারিখে এবং চুরি সনাক্ত হয় ২০-০৮-৯৫ তারিখে । যদিও পরিদর্শন ডিপোর রেকর্ড অনুযায়ী উক্ত তারিখে ৭০ মেট্রিক টন মাল মজুদ থাকার কথা ছিল। যেহেতু পরিদর্শন ডিপো একটি ট্রানজিট ডিপো তাই মালামাল সঠিকভাবে পরিদর্শনপূর্বক রিসিভ নোট জারীর পর যথাশীঘ্র মজুদ ডিপোতে প্রেরণ করা বাঞ্চনীয় ছিল। আপনি দীর্ঘ ৭ মাসের মধ্যে সম্পূর্ণ মালামাল ডিপোতে প্রেরণ না করায় এবং মালামাল ডিপোতে প্রেরণে অস্বাবাবিক বিলম্বের জন্য দায়ী সংশ্লিষ্ট কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) অভিযোগ ১৭-০৮-২০১১ তারিখে ৫৪.০০.০০০০.০০৭.২৭.১২৭.১১-৮৪৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

৩। যেহেতু, আপনি গত ০৮-০৯-২০১১ তারিখে লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর আবেদন করেন এবং ১৭-১০-২০১১ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

৪। যেহেতু, আপনার লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোহাম্মদ মোস্তফা, যুগ্ম-সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) কে ২৮-১২-২০১১ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা অভিযোগসমূহ তদন্তপূর্বক গত ১৮-১০-২০১২ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হলেও ভবিষ্যতে কর্তব্য কাজে আরো মনোযোগী হওয়ার জন্য সতর্ক করে আপনাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা যেতে পারে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন;

৬। সেহেতু, আপনি জনাব মোঃ গোলাম আম্বিয়া, সিওএস/পশ্চিম, রাজশাহী (প্রাক্তন জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পরিদর্শন/পাহাড়তলী)-কে ভবিষ্যতে কর্তব্য কাজে আরো মনোযোগী হওয়ার জন্য পরামর্শ প্রদান করতঃ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) অভিযোগ হতে একই বিধিমালার ৭(২) (এ) বিধি মোতাবেক আপনাকে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মহবুব উর রহমান**
সচিব।

---

## উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ
## পরিকল্পনা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২৯ অগ্রহায়ণ ১৪১৯/১৩ ডিসেম্বর ২০১২

নং **৫৪.০০.০০০০.০০৩.০১৪.১০.২০১০-৪৪৭**—"ঈশ্বরদী থেকে পাবনা হয়ে ঢালারচর পর্যন্ত নতুন রেলপথ নির্মাণ" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কাজের অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সচিব, রেলপথ মন্ত্রণালয়ে-কে আহবায়ক করে এর সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/দপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে একটি প্রজেক্ট স্টিয়ারিং কমিটি গঠন করা হ'ল ঃ

**আহবায়ক**

(১) সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা

(৩) যুগ্ম-সচিব, (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা

(৪) সংশ্লিষ্ট যুগ্ম-প্রধান (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(৫) সংশ্লিষ্ট মহাপরিচালক, আইএমইডি, পরিকল্পনা কমিশন

(৬) সংশ্লিষ্ট যুগ্ম-প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন

(৭) উপ-সচিব (উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা

(৮) উপ-প্রধান, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা

**সদস্য-সচিব**

(৯) প্রকল্প পরিচালক, (ঈশ্বরদী থেকে পাবনা হয়ে ঢালারচর পর্যন্ত নতুন রেলপথ নির্মাণ প্রকল্প)

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) কমিটি প্রকল্পটি বাস্তবায়ন কার্যক্রম তত্ত্বাবধান এবং অগ্রগতি পরিবীক্ষণ করবে;

(খ) প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে;

(গ) প্রকল্প বাস্তবায়নকালে কোন সমস্যা উদ্ভব হলে তা সমাধানের উদ্যোগ গ্রহণ করবে;

(ঘ) কমিটি প্রতি বছর কমপক্ষে ৩(তিন) মাসে একবার অথবা যখন প্রয়োজন সভা আহবান করবে এবং প্রকল্প কার্যকরভাবে বাস্তবায়নের বিষয়ে নীতি নির্ধারণে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে; এবং

(ঙ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনবোধে এক বা একাদিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

আদেশক্রমে

**বিবেক সরকার**
সহকারী প্রধান।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ০৩ ডিসেম্বর ২০১২

নং **সবিম/শাঃ-৪/গগ্র-২৬৯/২০০২/৩৫৪**—সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২১-০৬-২০০৯ তারিখের সবিম/শা:-৪/গগ্র-২৬৯/২০০২/২০৪ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিলপূর্বক চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট বিধিমালা ১৯৬০ (সংশোধিত ১৯৯৫) অনুযায়ী চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট পরিচালনার নিমিত্তে নিম্নেবর্ণিত ব্যবস্থাপনা কমিটি নির্দেশক্রমে পুনর্গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম

(৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) গণপূর্ত অধিদপ্তর, চট্টগ্রাম

(৪) অতিরিক্ত জেলা প্রশাসক, চট্টগ্রাম

(৫) সংশ্লিষ্ট কমিশনার, চট্টগ্রাম সিটিকর্পোরেশন, চট্টগ্রাম

(৬) ডেপুটি পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম

(৭) জনাব শফিকুল ইসলাম ফারুক, পিতা মরহুম তরিকুল ইসলাম, চট্টগ্রাম

(৮) জনাব মোহাম্মদ সাদেক হোসেন পাপ্পু, পিতা মরহুম শাহাদাত হোসেন, চট্টগ্রাম

(৯) এডভোকেট মিলি চৌধুরী, পিতা স্বপন চৌধুরী ১, জামালখান লেইন, ডিসিহিল, চট্টগ্রাম

(১০) এডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরী, আইনজীবী ভবন, কক্ষ নং ৩২৫, চট্টগ্রাম

**সদস্য-সচিব**

(১১) সিনিয়র লাইব্রেরীয়ান, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম

২। পুনরাদেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে এবং প্রজ্ঞাপন জারীর তারিখ হতে পরবর্তী ৩(তিন) বছর পর্যন্ত ব্যবস্থাপনা কমিটির কার্যকাল বহাল থাকবে। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সরদার মতিয়ার রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ ডিসেম্বর ২০১২

নং **৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৫.১২-৯৬১**—জনাব মোঃ শহীদুল ইসলাম, সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (তেজগাঁও বিভাগ), ডিএমপি, ঢাকা বর্তমানে সাময়িক বরখাস্ত এবং ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ অফিসে সংযুক্ত এর বিরুদ্ধে পুলিশ হেডকোয়ার্টার্সের ২০-১১-২০১২ তারিখের দৃঃশৃঃ/৬১-২০১২/১১৭০ নম্বর স্মারকে আনীত অভিযোগের প্রেক্ষিতে রেকর্ডপত্র, সার্বিক অবস্থা পর্যালোচনা, পরীক্ষা-নিরীক্ষা ও বিবেচনান্তে যথেষ্ট উপাদান না থাকায় উক্ত অভিযোগের প্রেক্ষিতে বিভাগীয় মামলা রুজু না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। এমতাবস্থায়, তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে অভিযোগটি নথিভুক্ত করা হলো। তাছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৭-০৫-২০১২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০০২.০০৫.১২-৪০৬ নম্বর প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িকভাবে বরখাস্তকরণসহ ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ অফিসে সংযুক্তকরণ সম্পর্কিত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

**আইন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৪ কার্তিক ১৪১৯/২৮ অক্টোবর ২০১২

নং **৪৪.০০.০০০০.০৫৫.১০.০০২.১১-১৬০৬**—গত ৯-৯-২০১২ তারিখ সকাল অনুমান ৮.০০ ঘটিকার সময় শিবজাইড বাজারে জনৈক মোঃ হেলাল উদ্দিন এর সেলুনে টেলিভিশনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর বক্তব্য শোনামাত্র আসামী মোঃ আমজাদ হোসেন (৩২) পিতা মোঃ অয়েজ উদ্দিন @ লাল্টু, মহল্লা কর্নিপাড়া, থানা বাগমারা, জেলা রাজশাহী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মাননীয় সংসদ সদস্য ইঞ্জিঃ মোঃ এনামুল হক দ্বয়কে ব্যঙ্গ করে কটুক্তিমূলক শব্দ উচ্চারণ করে বলে যে, শেখ হাসিনাকে অসৎ কাজ করব, সে জারজ সন্তান এবং সে একজন অসৎ চরিত্রের মহিলা মাঝে মাঝে সিঁদুর পরে, ইঞ্জিঃ মোঃ এনামুল হক শেখ হাসিনার দালাল ইত্যাদি বলে অশালীন ভাষায় গালিগালাজ করিতে থাকে এবং রাষ্ট্র বিরোধি কথাবার্তা বলে যথা তার পিতা ভারতের দালাল, শেখ হাসিনা ভারতের কাছে বাংলাদেশকে বিক্রি করে দিয়েছে। ইহা ছাড়াও শিবজাইর বাজারস্থ জনৈক মোঃ ইসমাইল হোসেন এর স্টলের মধ্যে গিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মাননীয় সংসদ সদস্য ইঞ্জিঃ মোঃ এনামুল হক এর পোষ্টার এ থাকা ছবি সিগারেটের আগুন দিয়ে পুড়িয়ে ফেলে। উক্ত আসামীর এহেন কর্মকান্ড বর্তমান সরকার ও রাষ্ট্রের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রে লিপ্ত থাকা রাষ্ট্রদ্রোহিতার শামিল। বর্ণিতাবস্থায়, উল্লিখিত আসামীর বিরুদ্ধে দণ্ডবিধি ১২৪(ক) ধারায় রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাগমারা, রাজশাহীকে আইনগত ভাবে আবশ্যকীয় ফৌজধারী কার্যবিধির ১৯৯৮ এর ১৯৬ অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেফিনা বেগম**
উপ-সচিব।

---

**আইন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ ডিসেম্বর ২০১২

নং **৪৪. ০০. ০০০০. ০৫৫. ১০. ০০৪. ২০১১-১৬২৪**—২৯ সেপ্টেম্বর ২০১২ তারিখ পবিত্র কোরআন অবমাননার প্রেক্ষাপটে বৌদ্ধ সম্প্রদায়ের মন্দির ও বাড়ীঘরে অগ্নিসংযোগ, ভাংচুর ও লুটপাটের ঘটনায় কক্সবাজার জেলা সদর, রামু, উখিয়া, টেকনাফ থানায় রুজুকৃত ১৩টি মামলায় দন্ডবিধির অন্যান্য ধারার সহিত দন্ডবিধির ১৫৩-ক/২৯৫-ক/৫০৫ ধারাসমূহের অপরাধও সংঘটিত হয়েছে মর্মে সাক্ষ্য প্রমাণ পাওয়ায় রুজুকৃত মামলাগুরির সাথে অন্যান্য ধারার সহিত দন্ডবিধির ১৫৩-ক/২৯৫-ক/৫০৫ ধারা সংযোজনের লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, কোতয়ালী/রামু/উখিয়া/টেকনাফ থানা, কক্সবাজারকে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৯৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেফিনা বেগম**
উপ-সচিব।

## আইন শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ অগ্রহায়ণ ১৪১৯/০৫ ডিসেম্বর ২০১২

নং **৪৪.০০.০০০০.০৫৫.১০.০১২.২০০৫-১৬৩৫**—ঢাকা আন্তঃ বিমানবন্দর থানার জিডি নং ৪৫৯ ও ইমিগ্রেশন জিডি নং ৬২২, তারিখ ১১-১০-২০১২ এবং জিডি নং ১০৪৫, তারিখ ২৪-১০-২০১২ এ উল্লিখিত ঘটনাটি বাংলাদেশের বাহিরে মিশরের কায়রোতে সংঘটিত হওয়ায় অভিযুক্ত মোঃ জুয়েল মিয়ার বিরুদ্ধে পেনাল কোড ৩৬৫/৩২৫/৩২৬/৩৭৯/৩৪ ধারায় নিয়মিত মামলা রুজু করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা আন্তঃ বিমানবন্দর থানা, ঢাকা কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৮৮ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
সিনিয়র সহকারী সচিব।

## কারা-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২৬ নভেম্বর ২০১২

**নং স্বঃমঃ ম-১/২০১০(কারা-১)-৫৬২**—কারা অধিদপ্তরের ডিপ্লোমা নার্সগণের মর্যাদা আর্থিক সুবিধাদিসহ ৩য় শ্রেণী (জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৬৪০০-১৪২৫৫, ১১ নং স্কেল) থেকে ২য় শ্রেণীতে (বেতন স্কেল, ২০০৯ এর ৮০০০—১৬৫৪০, ১০ নং স্কেল) উন্নীত করা হ'ল।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২-০২-২০১২ তারিখের ০৫.০০.০০০০.১৬১.০০.০২৫.১১-৯৬ স্মারক, অর্থ বিভাগের ২৪-৪-২০১২ তারিখের ০৭.১৫৫.০১৯.৪৪.০৭.০১৩.২০১১-২১০ স্মারক ও প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ১১-১০-২০১২ তারিখের ১৭শ সভার ৮নং সিদ্ধান্তক্রমে এ আদেশ জারী করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সালমা বেগম**
উপ-সচিব।

## কারা অধিশাখা-২

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৬ ডিসেম্বর ২০১২

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩০৬—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **ঢাকা কেন্দ্রীয় কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীদের কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-১০৮৩/এ, নাম-হারুন, পিতা-হাবিল উদ্দিন@ হাবলু, বয়স-৩৯ বছর।

(২) কয়েদী নং-২২৫৯/এ, নাম-জাবেদ, পিতা-মীর মুসলিম, বয়স-৩৮ বছর।

(৩) কয়েদী নং-৪৫৮৮/এ, নাম-মাসুদ, পিতা-কালু মিয়া, বয়স-২৪ বছর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩০৭—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **গাজীপুর, কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীদের কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-৯৭৪/এ, নাম মোঃ মানিক লাল, পিতা-মৃত আশ্রাব আলী, বয়স-৮৫ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩০৮—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **গাজীপুর, কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-২০৯/এ, নাম নাজমা বেগম, স্বামী-সুরুজ মিয়া, বয়স-৪৫ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩০৯—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **নরসিংদী জেলা কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-৬৭৮২/এ, নাম-বিল্লাল হোসেন@ বজলু মিয়া, পিতা-মৃত আনজত আলী, বয়স-২৮ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩১০—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **কিশোরগঞ্জ জেলা কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীদের কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-৮৮৬৪/এ, নাম-মোঃ শাহজাহান, পিতা-গোলাপ মিয়া, বয়স-৩০ বছর।

(২) কয়েদী নং-৮৮৬৬/এ, নাম-মোঃ গোলাপ মিয়া, পিতা-মৃত লাল মিয়া, বয়স-৫০ বছর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩১১—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **রাজবাড়ী জেলা কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-৪০৯৬/এ, নাম-মোঃ শাহজাহান, পিতা-শাহাজুদ্দিন, বয়স-২৫ বছর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩১২—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-১৭১১/এ, নাম-আবুল কালাম, পিতা- আঃ গফুর, বয়স-৩৩ বছর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩১৩—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীদের কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-৯০৫৫/এ, নাম-জাফর উলাহ, পিতা- আঃ হাসিম মেম্বার, বয়স-৩৪ বছর।

(২) কয়েদী নং-৬৮০৯/এ, নাম- মোঃ সফিক@সাহেব মিয়া, পিতা- মৃত বিলাল আলী, বয়স-৪১ বছর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩১৪—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **রাংগামাটি জেলা কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীদের কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-২১০৩/এ, নাম-সত্য কুমার তংচংগ্যা,

পিতা- আঃ বংসী কুমার তংচংগ্যা, বয়স-৫৬ বছর।

(২) কয়েদী নং-২১২২/এ, নাম-যুদ্ধমনি তংচংগ্যা, পিতা-ত্রিসেন (মনি) তংচংগ্যা, বয়স-৩৫ বছর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩১৫—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক ফেনী **জেলা কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীদের কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-৪২৮২/এ, নাম- মোঃ মোশারফ হোসেন, পিতা-মৃত হাবিবুর রহমান, বয়স-৪৫ বছর।

(২) কয়েদী নং-৪৪৬২/এ, নাম-আব্দুর রসূল, পিতা-ইদ্রিস মিয়া ভূইয়া, বয়স-৫২ বছর।

(৩) কয়েদী নং-৪৪৬৪/এ, নাম-নুর মোহাম্মদ, পিতা-হাজী আবুল হোসেন, বয়স-৪৫ বছর।

(৪) কয়েদী নং-৪৪৬৫/এ, নাম-আব্দুর রহিম, পিতা- ইদ্রিস মিয়া ভুইয়া, বয়স-৪৭ বছর।

(৫) কয়েদী নং-৪৪৬৬/এ, নাম-আব্দুর করিম, পিতা- ইদ্রিস মিয়া ভুইয়া, বয়স-৬০ বছর।

(৬) কয়েদী নং-৪৪৯৯/এ, নাম-অবসর হোসেন প্রঃ আশ্রাফ, পিতা- মৃত ইসলাম ভুঞা, বয়স-৭৬ বছর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৪.১২-৩১৬—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস**/২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **সিলেট কেন্দ্রীয় কারাগারে** আটক নিম্নোক্ত কয়েদীদের কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং-৪৮৫৩/এ, নাম- মোঃ সোহেল, পিতা- মোঃ সুলতান বেপারী, বয়স-৩১ বৎসর।

(২) কয়েদী নং-৫৩৪২/এ, নাম-জাহেদ, পিতা- মৃত কুদরত আলী, বয়স-২২ বৎসর।

(৩) কয়েদী নং-৫৫০৪/এ, নাম-ইছাক আলী@ সেলিম, পিতা- মৃত আঃ গফুর, বয়স-৩২ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জহুরুল ইসলাম রোহেল**
উপসচিব।

---

## অগ্নি অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ নভেম্বর ২০১২

**নং ৪৪.০০.০০০০.০২৫.০২২.০০.০১-৩৬১/১(১)**—স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৫ ডিসেম্বর, ১৯৮৩ তারিখে জারীকৃত এফ এস/ই-৩৫/৮২-এইচ-৫৯৩,৫৯৪,৫৯৫,৫৮৬ এবং ২২ ফেব্রুয়ারি, ২০১২ তারিখে জারীকৃত ৪৪.০০.০০০০.১১৬. ০৪.০০২.১২-৫৮ সংখ্যক প্রজ্ঞাপনের আলোকে বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের জন্য ২০১২ সালে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নিম্নবর্ণিত ৪ (চার) জন কর্মকর্তা/কর্মচারীকে "বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক" এবং ৩ (তিন) জন কর্মকর্তা/কর্মচারীকে "বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক" প্রদান করা হ'ল।

**বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক**

(১) জনাব মোঃ হুমায়ুন কবির (৪৭৩৯), ডুবুরী খুলনা নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, খুলনা। বর্তমানে সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা।

(২) জনাব দেওয়ান মোঃ জাহিদুল ইসলাম (২০৬৮), ডুবুরী খুলনা নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, খুলনা। বর্তমানে সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা।

(৩) জনাব মোঃ ফজলুর রহমান (১০৯১), ডুবুরী সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা।

(৪) জনাব আজিজুল ইসলাম (৫৩৩৫), ফায়ারম্যান সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা।

**বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক**

(১) জনাব মোঃ রেজাউল করিম (২২৫২), স্টেশন অফিসার চন্দরপুরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম।

(২) জনাব প্রণব চৌধুরী (৬১০৮), স্টেশন অফিসার আগ্রাবাদ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম।

(৩) জনাব সঞ্চয় কুমার বাড়ুরী (২৬২১), ফায়ারম্যান সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাঈদ মাহমুদ বেলাল হায়দার**
উপ-সচিব।

---

## বহিরাগমন অধিশাখা-৪

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১২

**নং ৪৪.০০.০০০০.০৪১.০৫.০০৫.১১/২৬১**—জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি, বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক বেতন স্কেল যাচাই, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামো (টিওএণ্ডই)-তে মঞ্জুরীকৃত ৯৪৯টি পদের অতিরিক্ত নিম্নবর্ণিত বিভিন্ন ক্যাটাগরীর ২৩৫টি রাজস্বখাতে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজনের মঞ্জুরী প্রদান করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | অতিরিক্ত মহাপরিচালক | টাঃ ২৯,৯০০—৩৫,৬০০ | ০২ | |
| (২) | উপ-পরিচালক | টাঃ ১৮,৫০০—২৯,৭০০ | ০৩ | |
| (৩) | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | টাঃ ১৮,৫০০—২৯,৭০০ | ০১ | |
| (৪) | এসিসট্যান্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | টাঃ ১১,০০০—২০,৩৭০ | ০৪ | |
| (৫) | উপ-সহকারী পরিচালক | টাঃ ৮,০০০—১৬৫৪০ | ১৫ | |
| (৬) | সাব-এসিসট্যান্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | টাঃ ৮,০০০—১৬৫৪০ | ০৮ | |
| (৭) | সুপারিনটেনডেন্ট | টাঃ ৫৯০০—১৩১২৫ | ২৫ | |
| (৮) | সাঁট-লিপিকার কাম কম্পিঃ অপারেটর | টাঃ ৫৫০০—১২০৯৫ | ০২ | |

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৯) | উচ্চমান সহকারী | টাঃ ৫২০০——১১২৩৫ | ১৭ | |
| (১০) | ড্রাইভার | টাঃ ৪৯০০——১০৪৫০ | ০২ | |
| (১১) | অফিস সহকারী কাম কম্পিঃ মুদ্রাক্ষরিক | টাঃ ৪৭০০——৯৭৪৫ | ৯০ | |
| (১২) | রেকর্ড কীপার | টাঃ ৪৭০০——৯৭৪৫ | ৫৬ | |
| (১৩) | নাইটগার্ড | | ১০ | আউটসোর্সিং |
| | | | মোট=২৩৫ | |

২। অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ-৫ অধিশাখা-এর স্মারক নং অম/অবি/ব্যঃনিঃ-৫/স্বরাষ্ট্র-৭/২০১০/১০০, তারিখঃ ১১/০৩/২০১০ খ্রিঃ এর মাধ্যমে উল্লিখিত পদ সৃজনের সম্মতি প্রদান করা হয়েছে। অর্থ বিভাগের বাস্তবায়ন শাখা-১ এর স্মারক নং-০৭.০০.০০০০.১৬১.৪৪.০১১.১২-২১৪, তারিখঃ ১৬/১০/২০১০ খ্রিঃ মারফত নবসৃষ্ট ২৩৫টি পদের বেতন স্কেল যাচাই করা হয়েছে।

**খাজা মিয়া**
উপ-সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ১৫ ফাল্গুন ১৪১৮/২৯ মার্চ ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-১/১-১৫৯/২০০৮-৩০৭**— যেহেতু, ডাঃ ফরহাদ হালিম (কোড ৪০০৯৭), সহযোগী অধ্যাপক (সাময়িকভাবে বরখাস্তকৃত), রেডিওথেরাপী বিভাগ, রংপুর মেডিকেল কলেজ, রংপুর (প্রাক্তন প্রকল্প পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগে তিনি দোষী মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ ফরহাদ হালিম (কোড ৪০০৯৭)-কে সরকারি চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ ফরহাদ হালিম (কোড ৪০০৯৭), সহযোগী অধ্যাপক (সাময়িকভাবে বরখাস্তকৃত), রেডিওথেরাপী বিভাগ, রংপুর মেডিকেল কলেজ, রংপুর-কে তাঁর সাময়িক বরখাস্তের তারিখ ২৬-১০-২০০৮ হতে সরকারি চাকুরী থেকে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ, ১৮ চৈত্র ১৪১৮/১ মার্চ ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৮৩/২০০৬-৩১১**—যেহেতু, ডাঃ মোহাম্মদ আলমগীর (কোড ১০৯৬৭৫), মেডিকেল অফিসার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলী কদম, বান্দরবান পার্বত্য জেলা ০১-০৭-২০০৪ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দশানো নোটিশের জবাব প্রদান করলেও জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগে তিনি দোষী মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ মোহাম্মদ আলমগীর (কোড ১০৯৬৭৫)-কে সরকারি চাকুরী হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁকে নিম্ন বেতন স্কেলে অবনমিত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ না করে বিভাগীয় মামলায় ডাঃ মোহাম্মদ আলমগীর (১০৯৬৭৫)-কে সরকারি চাকুরী হতে অপসারণ করার বিষয়ে মতামত প্রদান করে;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামতের আলোকে তাঁকে চাকুরী হতে অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনের জন্য প্রেরণ করা হয়;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরী হতে অপসারণ করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক ডাঃ মোহাম্মদ আলমগীর (১০৯৬৭৫), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলী কদম, বান্দরবান পার্বত্য জেলা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০৭-২০০৪ হতে সরকারি চাকুরী থেকে অপসারণ করা হরো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

---

**আদেশ**

তারিখ, ২ এপ্রিল ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-১/১-১০৯/২০০৪-৩২২**—যেহেতু, মরহুম ডাঃ এস, এম, আব্দুল্লাহ আল মোমেন (কোড ৩০১৫৩), প্রাক্তন প্রভাষক, বায়োকেমিস্ট্রি বিভাগ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধির অধীন 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

২। যেহেতু, উক্ত বিধিমালার বিধান অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ডাঃ এস, এম, আব্দুল্লাহ আল মোমেন (কোড ৩০১৫৩)-কে ০৬-০৩-২০০৮ তারিখের স্বাপকম/শৃংখলা-১/১-১০৯/২০০৪/৩১৮ নং স্মারকমূলে ৪(২)(ই) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ থেকে ৩ বছরের জন্য তাঁর বেতন ২০০৫ এর Corresponding Scale) ৯০০০-৪০৫×১৬-১৫৪৮০ টাকার স্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ৯০০০ টাকার অবনমিত করার দণ্ড প্রদান করা হয়;

৩। যেহেতু , মরহুম ডাঃ এস, এম, আব্দুল্লাহ আল মোমেন (কোড ৩০১৫৩) কর্তৃক উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য রাষ্ট্রপতির বরাবরে আপীল আবেদনের প্রেক্ষিতে মহামান্য রাষ্ট্রপতি তাঁর আপীল আবেদন মঞ্জুর করতঃ ডাঃ এস, এম, আব্দুল্লাহ আল মোমেন (কোড ৩০১৫৩)-কে প্রদত্ত মন্ত্রণালয়ের ০৬-০৩-২০০৮ তারিখের স্বাপকম/শৃংখলা-১/১-১০৯/২০০৪/৩১৮ নং স্মারকমূলে প্রদত্ত দণ্ডাদেশ বাতিলের আদেশ প্রদান করেছেন;

৪। এক্ষণে সেহেতু, মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক আপীল আবেদন মঞ্জুরের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৬-০৩-২০০৮ তারিখের স্বাপকম/শৃংখলা-১/১-১০৯/২০০৪/৩১৮ নং স্মারকমূলে জারীকৃত আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৫। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ কে এম আমির হোসেন**
অতিরিক্ত সচিব।

**আদেশ**

তারিখ, ৮ এপ্রিল ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১১.২০১২-৩৪৫**—যেহেতু, ডাঃ মীর হামদে সামে (কোড ৩৩৪৬৩), সহযোগী অধ্যাপক, ফরেনসিক মেডিসিন, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৪-০৪-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

এক্ষণে সেহেতু, ডাঃ মীর হামদে সামে (কোড ৩৩৪৬৩), সহকারী অধ্যাপক, ফরেনসিক মেডিসিন, দিনাজপুর মেডিকেল কলেজ, দিনাজপুর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, বিজ্ঞ আদালতের রায় এবং শুনানীকালে তাঁর বক্তব্য ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ৫(পাঁচ) বছরের জন্য স্থগিত করা হলো। তিনি ভবিষ্যতে দণ্ডকালীন সময়ের জন্য কোন প্রকার বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

**এ কে এম আমির হোসেন**
অতিরিক্ত সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ১১ বৈশাখ ১৪১৯/২৪ এপ্রিল ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০২.০০.০৩৬.২০১১-৪০৬**— যেহেতু, ডাঃ পরেশ চন্দ্র হালদার (১০১১৪৬৭), সহকারী সার্জন, কেলিশহর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, পটিয়া, চট্টগ্রাম ০৩-০৫-২০১০ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্তকরতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা ধারা মোতাবেক ডাঃ পরেশ চন্দ্র হালদার (১০১১৪৬৭), সহকারী সার্জন, কেলিশহর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, পটিয়া, চট্টগ্রাম-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৩-০৫-২০১০ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ, ১৭ বৈশাখ ১৪১৯/৩০ এপ্রিল ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২২৯.২০১১-৪২৬**—যেহেতু, ডাঃ সুব্রত কুমার আদিত্য (কোড ৪০৩৫৯), প্রাক্তন মেডিকেল অফিসার, মোহাম্মদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মাগুরা ০৫-১০-১৯৯৬ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০৫-০৯-২০০১ তারিখে কর্মস্থলে তাঁর অনু-পস্থিতির মেয়াদ ৫ বছর পূর্ণ হয়েছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক সরকারি চাকুরিতে অনুপস্থিতকাল ৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে;

যেহেতু, তাঁর চাকুরির অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর চাকুরির অবসান ঘটানোর আদেশ জারীর প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি ৩৪ মোতাবেক সুব্রত কুমার আদিত্য (৪০৩৫৯), প্রাক্তন মেডিকেল অফিসার, মোহাম্মদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মাগুরা এর চাকুরির অবসান (Ceased) করা হলো।

ডাঃ সুব্রত কুমার আদিত্য (৪০৩৫৯), প্রাক্তন মেডিকেল অফিসার, মোহাম্মদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মাগুরা এর কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ০৫-১০-১৯৯৬ হতে এ আদেশ কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৩৪/২০০৬/৪২৭**—যেহেতু, ডাঃ গোলাম মোহাম্মদ মহিউদ্দিন আহমেদ (কোড ৪১৬৮১), প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৬-১০-২০০৪ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু , অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ গোলাম মোহাম্মদ মহিউদ্দিন আহমেদ (কোড ৪১৬৮১)-কে সরকারি চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ গোলাম মোহাম্মদ মহিউদ্দিন আহমেদ (কোড ৪১৬৮১), প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৬-১০-২০০৪ হতে সরকারি চাকুরী থেকে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

**আদেশ**

তারিখ, ৩০ এপ্রিল ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২৬১.২০১১-৪২৯**—যেহেতু, ডাঃ শরীফ সাহাবুর রহমান, সাময়িকভাবে বরখাস্তকৃত, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন ইমারজেনন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, মাগুরা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৫-০৪-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

এক্ষণে সেহেতু, ডাঃ শরীফ সাহাবুর রহমান, সাময়িকভাবে বরখাস্তকৃত, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য ও সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রামাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো। তিনি ভবিষ্যতে দণ্ডকালীন সময়ের জন্য কোন প্রকার বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

এতদ্বারা তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

**এ কে এম আমির হোসেন**
অতিরিক্ত সচিব।

**শৃংখলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ১০ বৈশাখ ১৪১৯/২৩ এপ্রিল ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-২(পা-৭)১-১/৯৭/৩৩**—যেহেতু, ডাঃ সেলিমা আখতার বানু, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, নওগাঁ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ সেলিমা আকতার বানু, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, নওগাঁ-কে সরকারি চাকুরী হতে কেন অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান হয়নি;

যেহেতু, তাকে সরকারি চাকুরী হতে অপসারণ করার সিদ্ধান্তগ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তে সাথে একমত পোষণ করেছে; এবং

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক ডাঃ সেলিমা আকতার বানু, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, নওগাঁ-কে সরকারি চাকুরী হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ০১-১১-২০০৮ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

---

**পার-২ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ২৮ মার্চ ২০১২

**নং পার-২/বিবিধ-১০/২০১০-১৯৮**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১০-০৪-২০১১ খ্রিঃ তারিখের স্বাপকম পার-২/বিবিধ-১০/২০১০/২৬৩ নং আদেশমূলে ডাঃ মোঃ গোলাম সারোয়ার (৩৫৩২২), ও. এস. ডি., স্বাস্থ্য অধিদপ্তর (প্রাক্তন সিভিল সার্জন, শরীয়তপুর)-কে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। এক্ষণে, তাঁর সাময়িক বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

**হাসপাতাল-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ এপ্রিল ২০১২

**নং স্বাপকম/হাস-৩/৬-২/০৫(অংশ)/২৩১**—ঢাকা শিশু হাসপাতালের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে ঢাকা শিশু হাসপাতাল-এর ব্যবস্থাপনা বোর্ড পুনর্গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অধ্যাপক মাহমুদুর রহমান, এফআরসিপি, প্রাক্তন অধ্যক্ষ, ন্যাশনাল মেডিকেল কলেজ ঢাকা সদস্য ও সমন্বয়কারী ঢাকা কমিউনিটি হাসপাতাল, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যাপক নাজমুন নাহার, শিশু বিশেষজ্ঞ, বারডেম জেনারেল হাসপাতাল-২, ঢাকা;

(৩) অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ, চক্ষু বিভাগ, বিএসএমএমইউ, ঢাকা;

(৪) অধ্যাপক ডাঃ মোঃ মনিরুজ্জামান ভূইয়া, অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ, ঢাকা

(৫) অধ্যাপক মনজুর হোসেন, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, শিশু মেডিসিন বিভাগ, ঢাকা শিশু হাসপাতাল, ঢাকা;

(৬) অধ্যাপক ডাঃ আব্দুল আজিজ, অধ্যাপক সার্জারী বিভাগ, ঢাকা শিশু হাসপাতাল, ঢাকা;

(৭) ডাঃ শফিকুর রহমান, বাসা নং-৮৭, সড়ক-১২/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা;

(৮) জনাব আবুল কাশেম হুমায়ুন, ব্যবস্থাপনা সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকা;

(৯) এ্যাডভোকেট মোঃ মোতাহার হোসেন সাজু, ডেপুটি এর্টনী জেনারেল;

(১০) উপ-সচিব (প্রশাসন-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা;

(১১) উপ-সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;

(১২) উপ-সচিব (কার্যক্রম), সমাজ কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;

(১৩) পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**সদস্য-সচিব**

(১৪) পরিচালক, ঢাকা শিশু হাসপাতাল, ঢাকা।

(খ) **ব্যবস্থাপনা বোর্ডের কার্য-পরিধি ঃ**

(১) হাসপাতালটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যাবতীয় কার্য সম্পাদন;

(২) হাসপাতালের আয়-ব্যয় সংক্রান্ত বিষয়সমূহ নিয়ন্ত্রণ ও নিয়মিতকরণ;

(৩) হাসপাতালের সকল ব্যয় অনুমোদন;

(৪) প্রতি মাসে অন্ততঃ একবার হাসপাতালের ব্যবস্থাপনা বোর্ডের বৈঠক অনুষ্ঠান;

(৫) স্বীকৃত চাটার্ড একাউটেন্ট ফার্ম কর্তৃক হাসপাতালের বার্ষিক হিসাব নিরীক্ষা করানো এবং তাদের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;

(৬) হাসপাতালের জন্য প্রাপ্ত বা সৃষ্ট সকল ফাণ্ডের সুষ্ঠু ব্যবহার ও বিধি সম্মত হিসাব রক্ষণ;

(৭) শিশু হাসপাতালের সম্পাদিত কাজের বিবরণীসহ সরকার কর্তৃক আদিষ্ট সকল রিপোর্ট রিটার্ন প্রদান।

(গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও জনস্বার্থে এ আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গাজীউদ্দিন মোহাম্মদ মুনীর**
সিনিয়র সহকারী সচিব।

---

**জনস্বাস্থ্য-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ মে ২০১২

**নং জনস্বাস্থ্য-১/ইউআ-৬/২০০২(অংশ)/৯১**—গত ০১-০৩-২০১২ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ডিপ্লোমা পাশ ইউনানী-আয়ুর্বেদিক এবং হোমিওপ্যাথিক চিকিৎসকদের উপজেলা ও ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে ২য় শ্রেণীর পদ মর্যাদায় সরকারি চাকুরী সৃষ্টির লক্ষ্যে HPNSDP-এর PIP/OP সংশোধনসহ একটি নীতিমালা প্রস্তুত করে পরিকল্পনাসহ প্রস্তাব প্রণয়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো ঃ

**আহবায়ক**

(১) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।

**সদস্যবৃন্দ**

(২) পরিচালক (হোমিও ও দেশজ চিকিৎসা), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা;

(৩) উপ-প্রধান(স্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;

(৪) রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, ঢাকা;

(৫) রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, ঢাকা;

(৬) ড. হাকীম মোঃ ইউছুফ হারুন ভূঁইয়া, সদস্য, ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, ঢাকা;

(৭) হাকীম খোদাদাদ আহমেদ, ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ইউনানী মেডিকেল এসোসিয়েশন, ঢাকা;

(৮) ডাঃ মোঃ আলমগীর মতি সভাপতি, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল এসোসিয়েশন, ঢাকা।

**সদস্য-সচিব**

(৯) উপ-সচিব (জনস্বাস্থ্য-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**ড. আছমা আক্তার জাহান**
উপ-সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**আদেশ**

তারিখ, ২২ নভেম্বর ২০১২

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০১৯.২০১২-৭৫৫**—যেহেতু, জনাব এস এম হোসনে এলাহী, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, ময়মনসিংহ হিসেবে কর্মরত থাকাবস্থায় স্থানীয় সরকার বিভাগের ১৭-১২-২০০৯ তারিখের স্থাসবি/শাঃ উন্নয়ন-১/১ই-৯/২০০৭/৭৯৯ নম্বর স্মারক মারফত যুক্তরাষ্ট্রের এ্যাপল ইন্টারন্যাশনাল কোঃ লিঃ-এ Sales Engineer পদে যোগদানের জন্য তাঁর অনুকূলে ০১-১২-২০০৯ হতে ২ (দুই) বছরের লিয়েন মঞ্জুর করা হয় ;

যেহেতু, ৩০-১১-২০১২ তারিখে উক্ত লিয়েনের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তিনি নিজ কাজে যোগদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ০১-১২-২০১১ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এই বিভাগের ০৭-০৫-২০১২ তারিখের ৪৬.০৬৭.০০৩. ০০.০০.০১৯.২০১২-২৯৮ নম্বর স্মারকমূলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় ;

যেহেতু, জনাব এস এম হোসনে এলাহী এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় জারীকৃত অভিযোগনামা তাঁর কর্মস্থলে ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, জনাব এস এম হোসনে এলাহী উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে কাজে যোগদান করেননি;

যেহেতু, জনাব এস এম হোসনে এলাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারায় সরকারি 'চাকুরী হতে বরখাস্ত' করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, উক্ত অপরাধের জন্য জনাব এস এম হোসনে এলাহীকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারায় মোতাবেক কেন 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from service) করার শাস্তি আরোপ করা হবে না তার লিখিত জবাব দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পেশ করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ The independent ও দৈনিক সমকাল পত্রিকা দুটিতে প্রকাশিত হওয়া সত্ত্বেও জনাব এস এম হোসনে এলাহী জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে অদ্যাবধি কাজে যোগদান করেননি;

যেহেতু, জনাব এস এম হোসনে এলাহী এর বিরুদ্ধে রুজুকৃত উক্ত বিভাগীয় মামলায় সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) ধারার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারা মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক তাঁকে 'চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(৩) ধারা মোতাবেক তাঁকে একই অধ্যাদেশের ৪(এ) ধারায় বর্ণিত শাস্তি হিসেবে 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from service) করা হলো।

এ আদেশ তাঁর অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-১২-২০১১ হতে কার্যকর হবে।

**আবু আলম মোঃ শহিদ খান**
সচিব।

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১২

**নং ৪৬.০৬৩.০৩১.০৫.০০.০০৬.২০১২-১৯৭৬**—পিরোজপুর জেলাধীন স্বরূপকাঠী পৌরসভার মেয়র জনাব মোঃ দেলোয়ার হোসেন ফারুক গত ২৬-১১-২০১২ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩৩(১)(চ) উপ-ধারামতে সরকার উল্লিখিত তারিখ হইতে স্বরূপকাঠী পৌরসভার মেয়র এর পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**পরিকল্পনা কোষ-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ চৈত্র ১৪১৯/০১ এপ্রিল ২০১৩

**নং ০৫.২০৭.০১৪.০০.০০.০১৭.২০০৯ (অংশ-১)-৩০৯**—বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)-এর আওতায় বাস্তবায়নাধীন æDigitalization of BPATC” শীর্ষক প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি Steering Committee গঠন করা হলো ঃ

**আহবায়ক**

(১) সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা
(৩) অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা
(৪) অর্থ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি
(৫) পরিকল্পনা কমিশনের একজন উপযুক্ত প্রতিনিধি
(৬) আইএমইডি এর একজন উপযুক্ত প্রতিনিধি
(৭) যুগ্ম-সচিব (উন্নয়ন), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা
(৮) সহকারী প্রধান, পরিকল্পনা কোষ-২, জনপ্রশাসন মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৯) এমডিএস (আরএন্ডসি) ও প্রকল্প পরিচালক

২। **গঠিত কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

(১) এ কমিটি প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে সর্বোচ্চ নীতি-নির্ধারণী কর্তৃপক্ষ;

(২) কমিটি নিয়মিত ব্যবধানে প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা করবে;

(৩) এ কমিটি প্রকল্পটি সুষ্ঠু বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে;

(৪) আন্তঃ মন্ত্রণালয়/বিভাগ সহযোগিতা ও সমন্বয়ের বিষয়ে এ কমিটি উপদেশ প্রদান করবে;

(৫) কমপক্ষে ৬ (ছয়) মাসে একবার এ কমিটির সভা অনুষ্ঠান হবে;

(৬) কমিটি প্রয়োজনে অন্য কোন কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, এস, এম অদুদুর রহমান**
সহকারী প্রধান।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ১৭ এপ্রিল ২০১৩

**নং বিচার-৭/২এন ১৫৬/৭৮-২৭০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ বাদশা আলী, পিতা মোঃ বাহার উদ্দিন, গ্রাম ভারেরা, ডাকঘর ভারেরা, উপজেলা শ্রীবরদী, জেলা শেরপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার ৫নং গোসাইপুর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ রবিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।